# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৯৮

১/ বিবিধ

আরবী

صائم رمضان فى السفر كالمفطر فى الحضر
منكر

رواه ابن ماجه (1 / 511) والهيثم بن كليب في " المسند " (22 / 2) والضياء في " المختارة " (1 / 305) من طريق أسامة بن زيد عن ابن شهاب عن أبي سلمة بن عبد الرحمن عن أبيه عبد الرحمن بن عوف مرفوعا

قلت: وهذا إسناد ضعيف وله علتان

الأولى: الانقطاع لأن أبا سلمة لم يسمع عن أبيه كما في " الفتح "

الثانية: أسامة بن زيد في حفظه ضعف، وقد خالفه الثقة وهو ابن أبي ذئب فرواه عن الزهري ابن شهاب به موقوفا

رواه النسائي (1 / 316) والفريابي في " الصيام " (4 / 70 / 1) من طرق عنه ولذلك قال البيهقي في " السنن " (4 / 144)

وهو موقوف، وفي إسناده انقطاع، وروى مرفوعا وإسناده ضعيف

نعم رواه أبو قتادة عبد الله بن واقد الحراني عن ابن أبي ذئب به مرفوعا، لكن أبا قتادة هذا متروك، وفي الطريق إليه آخر ضعيف أخرجه الخطيب (11 / 383)

وقد رواه النسائي من طريق ابن أبي ذئب عن الزهري عن حميد بن عبد الرحمن بن عوف عن أبيه موقوفا أيضا، وإسناده صحيح، فهذا يؤيد خطأ من رفعه عن عبد الرحمن بن عوف، وقد ذكر الضياء أن الدارقطني أيضا صحح وقفه على عبد الرحمن

বাংলা

৪৯৮। যে ব্যক্তি সফরে রমযান মাসে সওম রাখে সে মুকিম অবস্থায় ইফতার কারীর (যে সওম রাখে না) ন্যায়।

হাদীসটি মুনকার।

এটি ইবনু মাজাহ্ (১/৫১১), হায়সাম ইবনু কুলায়েব "মুসনাদ" গ্রন্থে (২/২২) এবং যিয়া "আল-মুখতারা" গ্রন্থে (১/৩০৫) উসামা ইবনু যায়েদ সূত্রে ইবনু শিহাব হতে, তিনি আবু সালমা ইবনু আবদির রহমান হতে, তিনি তার পিতা আব্দুর রহমান ইবনু আউফ (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল দুটি কারণেঃ

১। ইনকিতা (সনদে বিচ্ছিন্নতা)। কারণ আবু সালমা তার পিতা হতে শুনেননি, যেমনভাবে "ফাতহুল বারীর" মধ্যে এসেছে।

২। উসামা ইবনু যায়েদের হেফযে দুর্বলতা ছিল। নির্ভরযোগ্য বর্ণনাকারী তার বিরোধিতা করেছেন। তিনি হচ্ছেন ইবনু আবী যি'ব। তিনি এটিকে ইবনু শিহাব হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন।

এটি নাসাঈ (১/৩১৬) এবং ফিরইয়াবী "আস-সিয়াম" গ্রন্থে (৪/৭০/১) তার থেকে বিভিন্ন সূত্রে বর্ণনা করেছেন। যার জন্য বাইহাকী "সুনান" গ্রন্থে (৪/২৪৪) বলেনঃ হাদীসটি মওকুফ। তার সনদটিতে ইনকিতা সংঘটিত হয়েছে এবং মারফু হিসাবে যেটি বর্ণনা করা হয়েছে, সেটির সনদটি দুর্বল।

হ্যাঁ; আবু কাতাদ আব্দুল্লাহ ইবনু ওয়াকিদ হাররানী হাদীসটি মারফু হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু এ আবু কাতাদা মাতরুক। আর তার সূত্রে আরেক বর্ণনাকারী আছেন, তিনিও দুর্বল।

এটি আল-খাতীব (১১/৩৮৩) উল্লেখ করেছেন।

নাসাঈ ইবনু আবী যি'ব সূত্রে মওকুফ হিসাবেও বর্ণনা করেছেন। তার সনদটি সহীহ। এটি এ সিদ্ধান্তকেই সুদৃঢ় করছে যে, আব্দুর রহমান ইবনু আউফ হতে মারফু হিসাবে হাদীসটি ভুল।
যিয়া উল্লেখ করেছেন যে, দারাকুতনী হাদীসটিকে আব্দুর রহমান হতে মওকুফ হিসাবে সহীহ বলেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68083

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন